ঢাকাস্থ সিলেট বিভাগ সাংবাদিক সমিতির প্রথম কমিটি গঠন

চেম্বার ডেস্ক::

ঢাকায় কর্মরত সিলেট বিভাগের সাংবাদিকদের নিয়ে গঠিত হলো সিলেট বিভাগ সাংবাদিক সমিতি, ঢাকা। কালের কণ্ঠের বিশেষ প্রতিনিধি আজিজুল পারভেজকে সভাপতি ও ভোরের কাগজের সিনিয়র রিপোর্টার ঝর্ণা মনিকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন, সহ সভাপতি মহিউদ্দিন পলাশ, নেসারুল হক খোকন (যুগান্তর) ও নিজামুল হক বিপুল (বাংলাদেশ প্রতিদিন), যুগ্ম সম্পাদক সাখাওয়াত কাওসার (বাংলাদেশ প্রতিদিন), আবুল কালাম (নয়াদিগন্ত) ও আলী ইব্রাহিম (ভোরের কাগজ), সাংগঠনিক সম্পাদক শাফি উদ্দিন আহমেদ (এশিয়ান টিভি), অর্থ সম্পাদক রহিম শেখ (জনকণ্ঠ), শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সম্পাদক অভিজিৎ ভট্টাচার্য্য (ভোরের কাগজ), আন্তর্জাতিক সম্পাদক মিজানুর রহমান (মানবজমিন), ক্রীড়া সম্পাদক এহসানুল হক জসীম (বাংলাদেশ পোস্ট), জনকল্যাণ সম্পাদক স্বপ্না চক্রবর্তী (সময়ের আলো), সাংস্কৃতিক সম্পাদক সম্পাদক মৌসুমী আচার্য্য (এসএ টিভি), দফতর সম্পাদক সেলিম আহমেদ (মানবকণ্ঠ) এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক খলিলুর রহমান (ইনকিলাব)।
কার্যনির্বাহী কমিটির সদস্যরা হলেন- বাছির জামাল (মানবকণ্ঠ), সালমান তারেক শাকিল (বাংলা ট্রিবিউন), এম এম মাসুক (আমাদের সময়), কাজী সুমন (মানবজমিন)। এ ছাড়াও সিলেটের যে সব সিনিয়র সাংবাদিক ও সম্পাদক রয়েছেন তাঁদের নিয়ে উপদেষ্টা কমিটি গঠন করা হবে।
এই কমিটি এক বছর সময়ের মধ্যে পূর্ণাঙ্গ তালিকা, সম্মেলন এবং একটি পিকনিকের আয়োজন করবে।